Houston-based Tagore Society, a nonsectarian, non-religious, non-political organization was established in 1974, with an avowed objective of spreading the universal human values Rabindranath Tagore, the winner of the Nobel Prize in 1913, firmly stood for. They have taken a humble yet very significant initiative to dispel the world's most developed nation's amnesia about the genius with a creatively sculpted memorial at Ray Miller Park in the center of the city's downtown. The open-air memorial, inarguably one of its kind not only in the USA but possibly also in the whole world, was made open to the public on February 25, 2023. Thoughtfully designed around Tagore's full-figure bronze statue the space has sixteen panels in two customized octagonal arrangements with the inscriptions of some evocative quotes curated from his vast body of works as well as some comments about him from worldfamous writers like Romain Rolland and scientists like Albert Einstein. His novels, stories, songs, dance dramas, and essays centering topics political and personal are still oft-quoted and panned for their thought-provoking lyricism, colloquialism, naturalism, and prescient contemplation. His compositions were chosen by two nations as their national anthems: India's Jana Gana Mana and Bangladesh's Amar Shonar Bangla. (On this score too, he has no equal). Even a cursory glance at his oeuvre built around 50 volumes of poems including Gitanjali – 'Song Offerings' that fetched him the Noble prize, 8 novels and 4 novellas, 93 short stories 50 plus plays, 2230 songs, 90 titles of essays, travelogues, letters, lectures will give an idea of the wide expanse of his creative landscape. The list of his global admirers was truly long and included (besides Rolland and Einstein) Ezra Pound, W.B. Yeats, Andre Gide, Saint-John Perse, Juan Ramon Jimenez, Boris Pasternak, Aane Akhmatova, Octavio Paz to name a few. His appeal between the two world wars became so ubiquitous that he had to trot the globe across 34 countries in that period and interact with almost all his contemporary luminaries. While Ezra Pound bracketed Tagore with Dante his proverbial poem "Where the mind is without fear" or the song, "If they answer not to thy call" continue to remain among the most oft-quoted resolutions by apostles of peace, political leaders, and celebrity activists alike across the world.

The Memorial has a story to tell, a short history of immersive engagement of many from diverse professions making it truly a collaborative tour de force by Indians and Americans together. It all began over a decade back with two prong mission. While one was to commemorate Tagore's visit to Houston that left a measurable impact, the other one was to focus on the greater goal of making it an organic interface for getting a curious glimpse into the works, thoughts and ideals of a multifaceted creative genius. Those are as relevant as they were during the tumultuous period between two world wars. It was about the same time when the project took off, British Journalist Ian Jack, equally troubled and vexed by the yawning ignorance about Tagore in the world beyond the mindscape of 250 million Bengals went eloquent in the Guardian. He wrote under a screaming headline "Rabindranath Tagore was a global phenomenon, so why is he neglected? … I consulted two dictionaries of quotations, the Oxford and Penguin, to check the most memorable lines of this poet, novelist, essayist, song and short story writer. Not a single entry. They skipped from Tacitus to Hippolyte Taine as if there was nothing in Tagore's collected works (28 thick books, even with his 2,500 songs published separately) that ever had stuck in anyone's mind, or was so pithily expressed that it deserved to; as if what had come out of Tagore's pen was a kind of oriental ectoplasm, floating high above our

এর পরে ১১ পাতায়

১০ পাতার পরে

Tagore Grove Memorial: Inviting the world to revisit the legacy of a phenomenal genius

materialist western heads, and ungraspable." TSH's reading of today's global reality was no different. Dedicated to the exploration of the legacy of cultural riches reaped by Tagore during his highly prolific productive life span of almost 70 years out of his physical longevity of 80 years, Tagore Society, to their collective dismay, didn't find the laureate's name in the list of twenty plus all-time greats in his field. Neither did they could make much headway to attain their objective of bringing back Tagore in the mainstream of diverse creative persuasions and critical thinking which comprised his unquestionable forte. He was, in fact, a poet, painter, philosopher, social reformer, institution builder, innovative educator, songwriter, novelist, short storyteller, cultural historian, playwright, political commenter, humanist, environmentalist and public speaker-all coalesced into one; one with no parallel excepting Leonardo Da Vinci and Goethe. In addition, there is Ian Jack's other apt observation in the said article, "More than anything, what Tagore stood for was a synthesis of east and west".
(https://www.theguardian.com/commentisfree/2011/may/07/rabindranath-tagore-why-was-heneglected)
In the first phase, the full-size statue sculpted by Gopinath Ray and Kamal Mondal, two Kolkata-based artists was installed. Post the installation a couple of flaws were detected. Lori Betz, an eminent American fine art sculptor and owner of Betz Art Foundry was asked for her remedial interventions which she undertook and immaculately retouched after her personal research on Tagore about whom she had been completely blank. Subsequently, the space around the statue came alive with the much awarded architect, Alvaro Espinal's time-consuming multi-phased experimentations in structural design that was fabricated with sixteen weatherproof alloy-made panels by Houston's premier billboard company Aria Sign & Design; and last but not the least among the attractions is the compatible and connotative Alpana (exclusively an Indian and South Asian folk art style featuring colored motifs, patterns and symbols) on the ground by Neha Bhavsar, a gifted American practitioner (of the art) of Indian origin. For Neha who only knew Tagore by name among them there was a reference to Alpana from a virtuoso master of this genre of art, Professor Sudhiranjan Mukherjee of Viswabharati University, Santiniketan (founded by Tagore himself using mostly his Nobel prize money and was dubbed by no other than Mahatma Gandhi as "a national treasure and international institution"). Mukherjee could only churn the theme-based alpana for a panel. Taking the cue, she delved deep into Tagore's creative psyche to deliver a magnificent piece of artwork. In the whole episode, the story of Espinal, a Master in Architecture from the University of Texas is a living testament to the growing influence of the great man on someone with no inkling of him and who belonged to another century that is, even more, striferidden. After taking the first brief from TSH, he practically took a long sabbatical only to explore Tagore and then a couple of auto rejections later, when he came up with the memorial structure it became obvious that he was in perfect tune with 'Tagoreisque' sensibility. Many would argue that for professionals such a quest is nothing new or unique. But what stood out here is that the professional compulsion triggered in all of them a profound interest in Tagore. They all went beyond their respective academic referential practices, internalized the vision(s) he left for the world to become a place where every single mortal's dignity would be nonnegotiable and moved a few notches up both as artists and personalities. No exceptions were the employees of Arean Sign. They similarly left no stone unturned to contribute to the concert of making the memorial one of its kind on American Soil, if not on the whole planet. To succinctly put, they together have proved that understanding Tagore is a rich transformational experience. Engagement with him is truly rewarding in our ongoing era. An era that spews venoms of rampant distrust and rattling discords has been leaving seemingly permanent scars on human civilization. Tagore rang the alarm bell with a note of nuanced introspective conviction that could make the difference if followed earnestly: "I slept and dreamt that life was joy, I awoke and found the life was service/ I acted and behold, service was joy".
Tagore Memorial will, for certain, witness footfalls of the visitors, mostly ones with no knowledge of him and chances are some of them will go back with an urge to know more about Tagore, his ideals and philosophy decoded through his writings and speeches which have been now far more consummately translated than before. In today's global context, they will rediscover Tagore as a farsightedness phenomenon who has remained consistently relevant despite the abject amnesia about him. Tagore had evidently harnessed his profound insights into human existence and its complex range of crises from India's highly fascinating philosophical past and then deciphered them in the light of modern epistemology. He did it all through his life. His search for 'truth' went through Himalayan odds. But he stayed unshaken with unwavering integrity in his quest. He never shied away from the task of awakening man to the looming peril of the civilization that they themselves were responsible for.

যুব নায়ক ও দেশ নায়ক - স্বামী বিবেকানন্দ ও নেতাজী সুভাষচন্দ্র

শক্তি চট্টোপাধ্যায়, নিউ ইয়র্ক

এক নুতন বছর সুরু হবে জানুয়ারী মাসে। এই মাসে ভারতবর্ষের দুজন শ্রেষ্ঠ মানুষের জন্ম তারিখ। একজন ভারতবর্ষের নবজাগরণের ইতিহাসে নরেন্দ্রনাথ থেকে বিবেকানন্দ এবং অন্যজন বিংশ শতাব্দীতে সুভাষচন্দ্র থেকে নেতাজীর উত্তরণ। দুটিই অত্যন্ত তাৎপর্য্যপূর্ণ ও যুগান্তকারী ঘটনা। ১৮৬৩ সালের ১২ই জানুয়ারী পৌষ সংক্রান্তির পুণ্য প্রভাতে সূর্যোদয়ের ৬ মিনিট পূর্বে ৬টা ৩৩ মিনিটে দেবী ভুবনেশ্বরী প্রসব করলেন বিশ্ববরেণ্য পুত্র, নাম রাখা হল বীরেশ্বর। আত্মীয়স্বজন পরে নামটি সংক্ষেপ করে দিলেন বিলে। অবশেষে শুভ অন্নপ্রাশনের সময় নাম রাখা হল নরেন্দ্রনাথ। এই নরেন্দ্রনাথই পরবর্তীকালে বিবেকানন্দ নামে সারা বিশ্বে পরিচিত হলেন।

সুভাষচন্দ্রের জন্ম হয়েছিল ১৮৯৭ সালের ২৩শে জানুয়ারী ঊড়িষ্যার কটক শহরে। এমনি সময়ে মঙ্গল শঙ্খ বেজে উঠেছিল সুভাষের জন্মলগ্ন ঘোষনা করে। বিবেকানন্দর জীবনে শ্রীরামকৃষ্ণ ছিলেন আলোর দিশারি, বিভ্রান্ত নরেন্দ্রনাথের মনে তিনি ছুঁইয়েছিলেন আগুনের পরশমণি আর সুভাষচন্দ্র পেয়েছিলেন বিবেকানন্দর কাছ থেকে নেতাজী হবার বহ্নিবাণী। শুধু শুভাষচন্দ্র নন, বাংলাদেশের যে সমস্ত নরনারী বিংশ শতাব্দীর প্রারম্ভে ভারতবর্ষের মুক্তিস্বপ্ন দেখেছিলেন বা দেখতে চেয়েছিলেন, অল্পবিস্তর প্রায় প্রত্যেকের জীবনেই বিবেকানন্দ ছিলেন প্রেরণাপুরুষ। এ আমার কথা নয়, এ কথা প্রকাশ পেয়েছে ব্রিটিশ সরকারের গোপন নথিপত্রে। এ তথ্য এখন ইতিহাস। সমসাময়িক কালের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ মানেই ছিল ভারতবর্ষ। তিরোধানের আগে বিবেকানন্দ দেশকে একেবারে বারুদস্তুপে রূপান্তরিত করে গিয়েছিলেন আর পিঞ্জরাবদ্ধ সিংহের মত ক্ষোভে দুঃখে রক্তাক্ত হয়ে যাচ্ছিল সন্ন্যাসী বিবেকানন্দের হৃদয়। সন্ন্যাসী বিবেকানন্দের পক্ষে সক্রিয় রাজনীতিতে সংশ্লিষ্ট হওয়া সম্ভব ছিল না কারণ বেলুড় মঠের যে সংবিধান তিনি তৈরী করেছিলেন তাতে রাজনীতি থেকে দূরে থাকার বিধান তিনিই দিয়েছিলেন। কিন্তু দেশের এই সঙ্কট্ময় পরিস্থিতিতে তাঁর দুর্নিবার দেশপ্রেম তাঁর চিন্তারাজ্যে প্রবল আলোড়ন সৃষ্টি করেছিল। বিবেকানন্দ ছিলেন যুগপুরুষ, যুগনায়ক, তাই প্রয়োজনীয় মুহূর্তে ব্রহ্মবান্ধব, নিবেদিতা, অরবিন্দ এবং সর্বজাগ্রত দুর্বার যুবশক্তিকে তাঁর ভাবীকালের পরিকল্পনা এবং গুরুদায়িত্ব অর্পণ করে তিনি মহাপ্রয়াণ করলেন। জাতীয় জাগরণের ক্ষেত্রে ব্রহ্মবান্ধব, অরবিন্দ এবং নিবেদিতা হলেন স্বামীজীর উত্তরসাধক।

ভারতবর্ষের ইতিহাসের দিকে তাকালে এর অসীম সহনশীলতার শক্তি আমাদের মুগ্ধ করে। বিভিন্ন জাতি এদেশে এসেছে তাদের বিভিন্ন জীবন ধারা ও সংস্কৃতি নিয়ে। কিন্তু যত বিদেশী ভারতবর্ষে এসেছে, তার মধ্যে সবচেয়ে বিপজ্জনক ছিল ইংরেজ শক্তি। কারণ তারা শুধু রাজনৈতিক দিক দিয়ে ভারতবর্ষকে দমন করেই ক্ষান্ত হয়নি তারা ভারতবর্ষের সংস্কৃতিতেও আঘাত হানতে চেয়েছিল। আঘাত হেনেছিল ভারতবাসীর চিন্তার জগতে। শিক্ষিত জনসাধারণের মধ্যে তারা এই ধারণা জন্মাতে পেরেছিল যে ভারতবর্ষের সংস্কৃতির মধ্যে ভাল কিছু নেই, সবই মন্দ। যদি জগতে সন্মানের সঙ্গে বাঁচতে হয় তবে আমাদের সবকিছুই শিখতে হবে পাশ্চাত্যের কাছ থেকে। শুধু বিজ্ঞান নয়, শুধু যন্ত্রপাতি কলকব্জার ব্যবহার নয়। আমাদের সাজপোষাক, আচার ব্যবহার চিন্তা ভাবনা সবকিছু গড়ে তুলতে হবে পাশ্চাত্যের আদলে। আমরা চেহারায় থাকব ভারতীয় কিন্তু মনে প্রাণে হব পাশ্চাত্য।

এইরকম এক পরিস্থিতিতে শ্রীরামকৃষ্ণের আবির্ভাব । শ্রীরামকৃষ্ণের কথা ক্রমশঃ কলকাতার লোকের মধ্যে প্রচারিত হতে থাকে। কেশবচন্দ্র সেন, শিবনাথ শাস্ত্রী প্রমুখ বিশিষ্ট ব্রাহ্ম নেতারা তাঁর সংস্পর্শে আসতে থাকেন। ব্রাহ্ম পত্রিকায় শ্রীরামকৃষ্ণ সম্বন্ধে সংবাদ প্রকাশিত হতে লাগল। এর ফলে শিক্ষিত জনসাধারণের মধ্যে শ্রীরামকৃষ্ণ আরও পরিচিত হয়ে উঠলেন। একদল ইংরেজী শিক্ষিত উৎসাহী যুবক তাঁর চারপাশে সমবেত হলেন। নিজেকে বিশেষভাবে নিয়োজিত করলেন এদের জীবনকে গড়ে তুলতে যাতে সন্ন্যাসের সমস্ত আদর্শ তাদের জীবনে সার্থকভাবে রূপায়িত হয়ে উঠে। এর মধ্য থেকেই শ্রীরামকৃষ্ণ বেছে নিলেন সবচেয়ে উজ্জ্বল, সবচেয়ে প্রতিভাদীপ্ত, সবচেয়ে প্রিয়পাত্র নরেন্দ্রনাথকে। ১৮৮৬ খৃঃ ১৬ই আগস্ট কাশীপুর উদ্যানবাটীতে শ্রীরামকৃষ্ণ দেহরক্ষা করলেন। এরপর বিবেকানন্দ তাদের সমস্ত ভক্তগণদের নিয়ে বরানগরে একটি বাড়ীতে সকলে মিলে আশ্রয় নিলেন। এটিই হল প্রথম রামকৃষ্ণ মঠ। এর পর স্বামীজী আবার পরিব্রাজক হয়ে বের হলেন ১৮৯০ সালের জুলাই মাসে। তিন বছর ভারত পথিক সন্ন্যাসী এই দেশে মানুষদের চেহারা, বইয়ের পাতায় নয়, চোখের পাতায় প্রত্যক্ষ পাঠ করতে পাগলের মত কখনও পায়ে হেঁটে, কখনও ট্রেনে চেপে দুঃসহ যন্ত্রণায় কাতর, ভারতের মানুষকে চিনবার জন্য। হিমালয় থেকে কন্যাকুমারিকা পর্য্যন্ত সারা বছর পরিভ্রমণ করলেন। আবিস্কার করলেন ভারতের ঐতিহ্য, প্রত্যক্ষ করলেন অনশনক্লিষ্ট জনগণের অসহায়তা। পরিব্রাজক নরেন্দ্রনাথ উত্তীর্ণ হলেন দেশপ্রেমিক বিবেকানন্দে।

নরেন্দ্রনাথ থেকে বিবেকানন্দ - এক দীর্ঘ পথ পরিক্রমা–এক অনন্ত পথযাত্রা। আমরা দেখেছি, ভারত পরিক্রমার সময়ে তিনি সমাজের সর্বস্তরের মানুষের প্রত্যক্ষ সংস্পর্শে এসেছেন। ধনী, নির্ধন, শিক্ষিত, অশিক্ষিত, উচ্চবর্ণ ও অন্ত্যজ - সকলকে কাছে থেকে দেখেছেন- যেমন দেখেছেন দরিদ্র,

এর পরে ১৩ পাতায়

১২ পাতার পরে

যুব নায়ক ও দেশ নায়ক - স্বামী বিবেকানন্দ ও নেতাজী সুভাষচন্দ্র

অশিক্ষিত সাধারণ মানুষের হৃদয়বত্তা, তেমনি দেখেছেন শিক্ষিত, বিত্তবান পুরুষের স্বার্থপরতা। তিনি লক্ষ্য করেছিলেন ভারতবর্ষের সাধারণ মানুষই সবচেয়ে বেশী ধর্মপ্রাণ। ভারত পরিক্রমার সময় তিনি আবিষ্কার করেছিলেন কোথায় ভারতের দুর্বলতা আর কোথায় ভারতের শক্তি। ভারতের চরিত্রবান মানুষ তিনি আর কোথাও দেখেন নি। ভারতের প্রধান দুর্বলতা, ভারতের অধঃপতনের মূল কারণ - জনসাধারণের দারিদ্র্য ও অজ্ঞতা। আর কি দেখলেন তিনি ? দেখলেন, ইংরেজী শিক্ষিত ভারতবাসীর দেশীয় ঐতিহ্য, ধর্ম ও সংস্কৃতির প্রতি অশ্রদ্ধা। তিনি বুঝেছিলেন, আমাদের ধর্ম সম্বন্ধে খ্রীষ্টান মিশনারীদের অপপ্রচার কত ভ্রান্ত কত অসার। বিদেশ যাত্রার আরেকটি কারণ, পাশ্চাত্য দেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যার সাহায্যে দারিদ্র্য জয় করে ফেলেছে। তিনি চেয়েছিলেন স্বচক্ষে দেখতে, বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যার মহিমা। ভারতের দারিদ্র্য দূর করতে তাকে প্রয়োগ করা যায় কি-না। সংক্ষেপে বলতে গেলে, স্বামীজীর ভারত পরিক্রমার তাৎপর্য্য, ভারত আবিষ্কার এবং নিজেকে আবিষ্কার। কন্যাকুমারিকার মন্দিরে বসে ধ্যান করলেন তিনি মাতৃভূমির। জগতের ইতিহাসে এই প্রথমবার একজন ধর্মগুরুকে পেলাম যাঁর ধ্যানের লক্ষ হয়েছে তাঁর স্বদেশ - ঈশ্বর নন। বস্তুতঃ বিবেকানন্দের কাছে ভগবান, মানুষ আর স্বদেশ একাকার। ধ্যানে তিনি প্রত্যক্ষ করলেন যে বর্তমানের সমস্ত অন্ধকার দূর করে ভারত অতীতের চেয়েও গৌরবে উজ্জ্বল হয়ে উঠবে এবং সেই ভারতবর্ষ নির্মাণে তাঁর একটা সুনির্দ্দিষ্ট ভূমিকা থাকবে।

ভগিনী নিবেদিতা বলেছেন বিবেকানন্দের ব্যাক্তিত্ব পূর্ণতা লাভ করেছিল ভারত পরিক্রমার ফলে। কোন খন্ড, ছিন্ন, বিক্ষিপ্ত প্রাদেশিক ভারতবর্ষ নয়। এক পূর্ণাঙ্গ ভারতবর্ষ ই রূপ পেয়েছিল তাঁর চিন্তায়। ভারতবর্ষের প্রতিটি প্রদেশের, প্রতিটি ধর্মের, প্রতিটি ভাষাভাষীর মানুষের বৈশিষ্ট্যকে তিনি ঠিকঠিক চিনতে পেরেছিলেন। তাই নিবেদিতা বলেছেন, "তিনি ছাড়া আর কে ছিল উপযুক্ত যিনি হতে পারতেন বিশ্বধর্ম মহাসভায় ভারতবর্ষের প্রতিনিধি ?" এছাড়া আরো একটি সুন্দর উদাহরণ নিবেদিতা দিতে পেরেছিলেন– বিবেকানন্দ যে তাঁর শিষ্য ছিলেন যাঁর নিজের জীবনেই হয়েছিল সর্বধর্মের মহা সম্মেলন । এর পর শুরু হল স্বামীজীর বিশ্বভ্রমণ। ১৮৯৩ সালের মে মাসে পেনিনসুলার জাহাজে করে স্বামীজী বোম্বে থেকে আমেরিকা যাত্রা করেছিলেন। এবং ৩০শে জুলাই শিকাগোয় এসে পৌঁছুলেন । যে আশা নিয়ে স্বামীজী আমেরিকা এসেছিলেন, যার জন্য এত উদ্যোগ আয়োজন, শিকাগোয় পা দেওয়ার পর তা চুরমার হয়ে গেল। অপরিচিত বন্ধুহীন পরিবেশ, উপযুক্ত অর্থ ও পোষাক কিছুই তাঁর ছিল না। তিনি জানতে পারলেন ধর্ম মহাসভায় যারা যোগ দিতে চান তাঁদের প্রত্যেকের পরিচয়পত্র দরকার এবং ধর্ম মহাসভা অনুষ্ঠিত হবে ১১ই সেপ্টেম্বর। সেই সময় প্রতিবেশী শহর বোস্টনে, যেখানে থাকলে খাওয়ার খরচ অনেক কম বলে সেখানে যাওয়া স্থির করলেন। সেই সময় ট্রেনে তাঁর সঙ্গে একজন মহিলার পরিচয় হ'ল যিনি বিবেকানন্দের সঙ্গে কথাবার্তায় মুগ্ধ হয়ে তাঁর বাড়ীতে আগমনের প্রস্তাব করলেন। বোস্টনে থাকার সময় স্বামীজীর সঙ্গে পরিচয় হল হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জন হেনরি রাইটের সঙ্গে। সেই সুপন্ডিত অধ্যাপক দুই দিন স্বামীজীর সঙ্গে কথাবার্তা বলে এত মুগ্ধ হয়েছিলেন যে তিনি স্বামীজীকে জিজ্ঞাসা করেন, তিনি কেন আসন্ন ধর্মসভায় যোগ দিচ্ছেন না। স্বামীজী বললেন যে তাঁর কোন পরিচয় পত্র নেই বলেই তিনি যোগ দিতে পারছেন না, তখন অধ্যাপক রাইট যে উক্তি করেছিলেন তা আজ ঐতিহাসিক সর্বজনবিদিত। " To ask you Swami with your credentials is to ask the sun to state its right to shine." রাইট সাহেব তক্ষুনি ধর্মীয় মহাসভার সাথে সংশ্লিষ্ট তাঁর বন্ধু বনি সাহেবকে বিবেকানন্দ সম্পর্কে একটি পরিচয়পত্র দিলেন। তাতে তিনি লিখলেন "এই হিন্দু সন্ন্যাসী আমাদের সমস্ত পন্ডিতদের একত্র করিলেও এর সমকক্ষ হইবেন না।" শুধু তাই নয় তিনি এরপর স্বামীজীর ট্রেণের টিকিটও কেটে দিলেন, সাথে কিছু টাকাও দিলেন। এরপর স্বামীজী চলে গেলেন শিকাগোয়, তারপর শুরু হল ধর্মসভা ১১ই সেপ্টেম্বর।

ধর্মসভা সম্বন্ধে–

শিকাগোর বিশ্বধর্মসভা নিঃসন্দেহে পৃথিবীর এক গুরুত্বপুর্ণ ঘটনা।

কলম্বাসের আমেরিকা আবিষ্কারের চারশো বৎসর পূর্তি উপলক্ষে আমেরিকা এক বিরাট সভার আয়োজন করেছিল। পৃথিবীর ইতিহাসে এই রকম ধর্ম মহাসভা এই প্রথম। উদ্দেশ্য ছিল বিভিন্ন ধর্ম পরস্পরকে কিভাবে আলোকিত করেছে বা করতে পারে - আলোচনা করা। উদ্দেশ্য যে মহৎ ছিল তাতে সন্দেহ নেই। কিন্তু বাস্তব ক্ষেত্রে একটু বিপরীতই হ'ল। গোঁড়া খ্রীষ্টানরা অনেকেই ধর্ম মহাসভার সমালোচনা করতে শুরু করলেন তাঁদের মতে খ্রীষ্টধর্মই একমাত্র ধর্ম। ধর্ম মহাসভা ডেকে অন্য ধর্মকে তার পাশে বসানোর অর্থ " যীশুখ্রীষ্টের বিরূদ্ধে বিশ্বাসঘাতকতা"। উদ্যোক্তাদের এই আত্মম্ভরিতা স্বামীজীর দৃষ্টি এড়ায়নি। তিনি পরে লিখেছিলেন, " বিশ্বধর্ম মহাসভার আয়োজন করা হয়েছিল খ্রীষ্টধর্মের শ্রেষ্টত্ব প্রমাণ করার উদ্দেশ্যে।"

১৮৯৩ সালের ১১ই সেপ্টেম্বর সোমবার ধর্ম মহাসভা সুরু হ'ল ঠিক দশটার সময় - দশটি ধর্মের উদ্দেশ্যে দশটি ঘন্টাধ্বনি হ'ল। এই দশটি ধর্ম হ'ল ঈহুদী, ইসলাম, হিন্দু, বৌদ্ধ, টাও, কনফিউশাস, শিন্টো, পারসিক, ক্যাথলিক (ও প্রটেস্টাণ্ট) , গ্রীকচার্চ ধর্ম। সকালে উদ্বোধন হয়ে ধর্মসভায় সকালের অধিবেশন সুরু হ'ল। দ্বিতীয় অধিবেশনে চারজনের বক্তৃতার পর স্বামীজী বক্তৃতা দিতে উঠলেন। যেই তিনি সম্বোধন করলেন " সিস্টারস এন্ড ব্রাদার্স অফ আমেরিকা"

এর পরে ১৪ পাতায়

১৩ পাতার পরে

যুব নায়ক ও দেশ নায়ক - স্বামী বিবেকানন্দ ও নেতাজী সুভাষচন্দ্র

সঙ্গে সঙ্গে কয়েক হাজার নরনারী হর্ষধ্বনিতে ফেটে পড়ল। দুমিনিট ধরে তাদের করতালি চলল। হাততালি শেষ হলে স্বামীজী সংক্ষিপ্ত একটি ভাষণ দিলেন - যার মর্মার্থ সেই " যত মত তত পথ" বাণী। ভারতবর্ষের এই সনাতন বিশ্বাসকেই তিনি সকলের সামনে তুলে ধরলেন। সব ধর্মই সমান শ্রদ্ধার - তাঁর বক্তৃতায় যে আন্তরিকতা ফুটে উঠেছিল তা সেদিন সমস্ত শ্রোতাদের হৃদয় জয় করতে পেরেছিল। শিকাগোর প্রথম দিনের বক্তৃতাই স্বামীজীকে আমেরিকায় পরিচিত করে তুলল। প্রথম দিনের বক্তৃতার পর থেকেই স্বামীজী হয়ে উঠেছিলেন ধর্ম মহাসভার কেন্দ্রীয় চরিত্র। শিকাগোর ধর্ম মহাসভায় স্বামীজীর সাফল্যের কথা যখন ভারতে এসে পৌঁছুল গোটা দেশ আনন্দে উত্তাল হয়ে উঠল। বস্তুতঃ শিকাগোর ধর্মসভায় স্বামীজীর আত্মপ্রকাশ ভারতবর্ষের ইতিহাসে সবচেয়ে গুরূত্বপূর্ণ ঘটনা। সুভাষচন্দ্র বহু বার স্বীকার করেছেন এবং নিজের আত্মজীবনীতে লিখেছেন যে বাল্যকাল থেকেই তিনি বিবেকানন্দের দ্বারা অনুপ্রাণিত হয়েছেন। সুভাষচন্দ্রের কলেজের বন্ধু চারুচন্দ্র গঙ্গোপাধ্যায় বলেছেন, "সুভাষের সঙ্গে আবাল্য খুব ঘনিষ্ঠভাবে মিশেছি । তাই আমি জোর করে বলতে পারি যে বিবেকানন্দের প্রভাব যদি সুভাষের উপর না পড়ত তবে সুভাষ "নেতাজী" হত না।" বিখ্যাত জাতীয় অধ্যাপক ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায় ছিলেন বিংশ শতাব্দীর সুরু থেকে ভারতবর্ষের নবজাগরণের ইতিহাসের একজন বিদগ্ধ সাক্ষী । তিনি বলেছেন, " সুভাষচন্দ্র বিবেকানন্দের দ্বারা অত্যন্ত প্রভাবিত হয়েছিলেন।

তাইহকু বিমান দুর্ঘটনার কয়েক বছর আগে সুভাসচন্দ্র একটি চিঠিতে লিখছেন, "শ্রী রামকৃষ্ণ ও স্বামী বিবেকানন্দের নিকট আমি যে কত ঋণী তাহা ভাষায় কী করিয়া প্রকাশ করিব? তাঁহাদের পুণ্য প্রভাবে আমার জীবনের উন্মেষ, নিবেদিতার মত আমিও মনে করি যে রামকৃষ্ণ ও বিবেকানন্দ এক অখণ্ড ব্যক্তিত্বের দুই রূপ। আজ যদি স্বামীজী জীবিত থাকিতেন তিনি নিশ্চয়ই আমার গুরু হইতেন।" স্বামিজীর সম্পর্কে নেতাজী কী অপরিসীম শ্রদ্ধা, কী গভীর ভালবাসা এবং কী প্রগাঢ় অনুরাগ পোষণ করিতেন তার আবেগময় স্বীকারোক্তি এই পত্রাংশটি । বস্তুতঃ বিবেকানন্দ কোন ব্যক্তি নন, তিনি একটি প্রেরণা, একটি আদর্শ এবং সুভাষচন্দ্র নিজেকে যেখানে উৎসর্গ করেন সেখানে সামগ্রিকভাবেই করেন। ইতিপূর্বে স্কুলের প্রাক্তন প্রধান শিক্ষক বেণীমাধব দাশ বালক সুভাষের মধ্যে আদর্শবাদ এবং নীতিবোধকে জাগ্রত করে দিয়েছিলেন। জীবনে তিনি এক নূতন প্রেরণা এনে দিয়েছিলেন। কিন্তু তিনি এমন কোন আদর্শের সন্ধান দিতে পারেন নি যার উপর ভিত্তি করে সমস্ত জীবনটাকে গড়ে তোলা যায়। এই সময়ে হঠাৎ একদিন তাঁর হাতে এল স্বামী বিবেকানন্দের রচনা । এর কয়েক পাতা উলটেই, আত্মজীবনীতে সুভাসচন্দ্র লিখছেন, "বুঝতে পারলাম এই জিনিষই এতদিন ধরে চাইছিলাম --বিবেকানন্দের প্রভাব আমার জীবনে আমূল পরিবর্তন এনে দিল। তার মধ্যে আমার অসংখ্য জিজ্ঞাসার সহজ সমাধান খুঁজে পেলাম।" জমাট অন্ধকার ভেদ করে যেন ঝলসে উঠল তেজোময় আলোর শিখা যার দীপ্তিতে প্রদীপ্ত হয়ে উঠল ভাবীকালের এক মহা সৈনিকের মানস দিগন্ত। নিবেদিতা বলেছেন, "তিনি প্রাণের শিখা জ্বালিয়ে দিতেন।"

বিবেকানন্দের আদর্শের সঙ্গে যখন সুভাষ পরিচিত হলেন তখন তাঁর বয়স বছর ১৫ হবে কিনা সন্দেহ । বিবেকানন্দের পৌরুষদীপ্ত চেহারা, বলিষ্ঠ ব্যক্তিত্ব, অগ্নিময় বক্তৃতা, এবং চিঠিপত্রের এমন দুর্নিবার আকর্ষণ ছিল যা সুভাষের তরুণ মনে চিরকালের জন্য গাঁথা হয়ে গিয়েছিল। বিবেকানন্দ থেকে ক্রমে তাঁর গুরু শ্রীরামকৃষ্ণদেবের ও তাঁর বাণীর প্রতি সুভাষ আকৃষ্ট হলেন। এই সময় সুভাষ বন্ধুদের নিয়ে নানা দেশে চলছিলেন। সেই সময় বিবেকানন্দের গুরুভাই ও তৎকালীন রামকৃষ্ণ মিশনের সভাপতি স্বামী ব্রহ্মানন্দ সুভাষকে বলেছিলেন যে সন্ন্যাস তাঁর ক্ষেত্র নয়। তাঁর জীবন ব্যয়িত হবে অনলস দেশ সেবায়।

পাশ্চাত্য থেকে ফিরে এসে বিবেকানন্দ চেয়েছিলেন একুশটি তাজা যুবক। দিনটি ছিল ২৬শে জানুয়ারী ১৮৯৭। এর তিনদিন আগে ২৩এ জানুয়ারী পৃথিবীর আলো দেখেছিলেন সুভাষ বসু। মনে হয় এ যোগাযোগ আকস্মিক নয়। ভারতের মুক্তিসংগ্রামের ইতিহাসে এ যোগাযোগ গভীর অর্থপূর্ণ। স্বামীজী যেমন চেয়েছিলেন ১০০ জন যুবক তা পেয়েছিলেন কি না জানিনা, তবে তাঁর মহাসমাধির ২দশক পরে এমন একজন যুবক কে ভারতবর্ষ পেয়েছিল যিনি একাই একশো । ভারতীয় দর্শনে সদাই অনুরক্ত সুভাষ যুক্তি তর্কে নিজের জীবনকে সমৃদ্ধ করেছেন নিষ্ঠার সঙ্গে। বিবেকানন্দের সমাজ সেবা থেকে বেদান্তচর্চা সুভাষ অনুধ্যান করেছেন সদাজাগ্রত মন ও বুদ্ধি নিয়ে।

১৯১৮ সালে নভেম্বর মাসে প্রথম বিশ্বযুদ্ধ শেষ হল, সুভাষের B.A. পরীক্ষার কিছু আগে। যুদ্ধের সময় ভারতীয় নেতারা অকুণ্ঠভাবে ধন ও জনবল দিয়ে ইংরেজদের সাহায্য করেছেন। ১১ই এপ্রিল পাঞ্জাবের জালিয়ানওয়ালা বাগে এক নিষ্ঠুর গুলি চালানো হয়। বাবার মতে সুভাষ বাধ্য হলেন বিদেশে যেতে । আট মাস বাদে ICS পরীক্ষায় পাস করে সেই পরীক্ষার পুরস্কার ফেলে দিয়ে দেশে ফিরে এলেন। এর পর শুরু হল এক দারুণ অধ্যায়। কেমব্রিজে বসে সুভাষ চিঠি লিখছেন ভবিষ্যতের রাজনৈতিক গুরু-- দেশবন্ধু চিত্তরঞ্জন দাশকে । এর পর সুরু হবে সুভাষের নতুন জীবন। তিনি দেশপ্রেমের মানবসেবা মানবিক মূল্যবোধের আধার বলেই জেনেছিলেন। ২০২৩এর ২৩শে জানুয়ারিতে আমরা অবিচলিত মনে সুভাষচন্দ্রর মূল্যায়ন ইতিহাসের পরিপ্রেক্ষিতে বিচার করতে পারব এ কথা বললে সত্য ভাষণ করা হবে না। দেশপ্রেমিক

এর পরে ১৫ পাতায়

যুব নায়ক ও দেশ নায়ক - স্বামী বিবেকানন্দ ও নেতাজী সুভাষচন্দ্র

সুভাসচন্দ্রের কাছে দেশের স্বাধীনতা ছিল একমাত্র কাম্য। ভারতবর্ষের রাজনীতিতে দেশবন্ধু এবং সুভাষচন্দ্র একটু বেশি পরিমাণে অভিজাত । দুজনই গান্ধীজীর মতানুসারী অহিংস রাজনৈতিক মতাদর্শ পথের পথিক ছিলেন না। সুভাষচন্দ্র বাঙালির মানসিকতার শেষ সার্থক সন্তান। কোন একটি রাজনৈতিক দলের নেতারূপে তাকে মানায় না। দার্শনিক, ভাবুক, বিপ্লবী, এবং দেশপ্রেমী, এই সব গুণের কোন একটি বাদ দিয়ে সুভাষচন্দ্রকে কল্পনা করা যায় না। বিবেকানন্দ চাইতেন তার শিষ্যরা বীর হবে, সাহসী হবে। ভারতবর্ষের মুক্তি সংগ্রামে নেতাজী গীতার এই উপদেশকে গ্রহণ করেছিলেন। সুভাষ দেশপ্রেমকে মানবসেবার আধার বলে জেনেছিলেন এবং পরাধীনতা যে পাপ এ তার অন্তরের অন্তঃস্থলে পৌছে গিয়েছিল। তাঁর ভবিষ্যৎ জীবনের সাফল্য-ব্যর্থতা সবই এই মানসিকতা থেকে উদ্‌ভূত। সবের মূলে দেশের স্বাধীনতা। এবং এই স্বাধীনতা অর্জনের জন্য যে কোন ত্যাগ, যে কোন মূল্যই অত্যধিক মনে হয় নি। হিংসা, অহিংসা, রাজনৈতিক সম্পর্ক ইত্যাদি সব কিছুই আবর্তিত হয়েছে ঐ একই কক্ষপথে, যার কেন্দ্রবিন্দুতে আছে দেশের জন্য ত্যাগ ও বলিদান । বিদ্রোহী এই বাঙালির চরিত্রে একদিকে যেমন আছে বেদান্ত, রামকৃষণ ও বিবেকানন্দ অপর দিকে আছে ভারতচিন্তা ও দেশের পূর্ণ স্বাধীনতা।

১৯৩৮সালের ১৯শে ফেব্রুয়ারী সভাপতির ভাষণে তিনি আন্তর্জাতিক পরিস্থতির বিশ্লেষণ করে আসন্ন বিশ্বযুদ্ধের পরিপ্রেক্ষিতে ঐক্যবধ্যভাবে সংগ্রামের প্রয়োজনীয়তার উপর বিশেষ গুরুত্ব দিলেন। এ ছাড়া শিল্প উন্নয়নের ব্যাপারে বৈজ্ঞানিক পরিকল্পনা মেনে নিতে হবে। এর পর সুভাষ আর একটি পদক্ষেপ নিলেন যা গান্ধীর চিন্তাভাবনার একেবারে বিপরীত মেরুতে । দেশে তখন চরকার প্লাবন বয়ে যাচ্ছে। রবীন্দ্রনাথ এই চরকার জীবনদর্শনের তীব্র সমালোচনা করেছিলেন। সুভাষচন্দ্র দিল্লীতে এক সমাবেশে আধুনিক শিল্পায়নের পক্ষে যুক্তি দেখিয়ে বলেন "If industrial revolution was an evil, it was a necessary evil." এর পর একটি জাতীয় পরিকল্পনা কমিশন (National Planning Commission) গঠিত হয়। নেহেরু তখন বিদেশে । তাকে সভাপতি হবার অনুরোধ জানিয়ে সুভাষ ইউরোপে একটি তার পাঠান। এর পর সুভাষ ১৯৩৯ সালে দ্বিতীয়বার সভাপতি পদে নির্বাচিত হওয়ার পর অনেক জল ঘোলা হোল। গান্ধীজী সুভাষের সভাপতি হওয়া স্বীকার করলেন না। এবং ত্রিপুরা কংগ্রেসের নির্বাচনের ফল ঘোষণার ৫মাসের মধ্যে সুভাষকে তিন বছরের জন্য কংগ্রেস থেকে বহিষ্কার করা হল।

গান্ধীর চিন্তাভাবনার একেবারে বিপরীত মেরুতে । দেশে তখন চরকার প্লাবন বয়ে যাচ্ছে। রবীন্দ্রনাথ এই চরকার জীবনদর্শনের তীব্র সমালোচনা করেছিলেন। সুভাষচন্দ্র দিল্লীতে এক সমাবেশে আধুনিক শিল্পায়নের পক্ষে যুক্তি দেখিয়ে বলেন "If industrial revolution was an evil, it was a necessary evil." এর পর একটি জাতীয় পরিকল্পনা কমিশন (National Planning Commission) গঠিত হয়। নেহেরু তখন বিদেশে । তাকে সভাপতি হবার অনুরোধ জানিয়ে সুভাষ ইউরোপে একটি তার পাঠান। এর পর সুভাষ ১৯৩৯ সালে দ্বিতীয়বার সভাপতি পদে নির্বাচিত হওয়ার পর অনেক জল ঘোলা হোল। গান্ধীজী সুভাষের সভাপতি হওয়া স্বীকার করলেন না। এবং ত্রিপুরা কংগ্রেসের নির্বাচনের ফল ঘোষণার ৫মাসের মধ্যে সুভাষকে তিন বছরের জন্য কংগ্রেস থেকে বহিষ্কার করা হল।

রবীন্দ্রনাথ খোলাখুলি ভাবে গান্ধীকে সুভাষের দ্বিতীয়বার সভাপতি হওয়াকে সমর্থন জানাতে বলে ছিলেন, শুধু তাই নয় রবীন্দ্রনাথ সুভাষকে দেশনায়ক বলে লিখলেন,

সুভাষচন্দ্র,

বাঙালি কবি আমি, বাংলাদেশের হয়ে তোমাকে দেশনায়কের পদে বরণ করি। গীতায় বলে, সুকৃতের রক্ষা ও দুস্কৃতের বিনাশের জন্য রক্ষাকর্তা বারংবার আভির্ভুত হন। দুর্গতির জ্বালে রাষ্ট্র যখন জড়িত হয় তখন পীড়িত দেশের অন্তর্বেদনার প্রেরণায় আবির্ভূত হয় দেশের অধিনায়ক । মনে হয় কবি সুভাষের ভবিষ্যৎ অশান্ত জীবনের খানিকটা প্রতিচ্ছবি দেখতে পেয়ে ছিলেন।

অনেক দিন আগে বাংলার দুঃখ রাতের রাজা মরমী কথাশিল্পী শরৎচন্দ্র হয়ত ভবিষ্যতের সুভাষকে কল্পনা করেই লিখেছিলেন,

"তুমি ত আমাদের মত সোজা মানুষ নও-তুমি দেশের জন্য সমস্ত দিয়াছ তাই ত দেশের খেয়াতরী তোমাকে বহিতে পারে না, সাঁতার দিয়া তোমাকে পদ্মা পার হইতে হয়, তাই তো দেশের রাজপথ তোমার কাছে রুদ্ধ, দুর্গম পাহাড় পরবত তোমাকে ডিঙ্গাইয়া চলিতে হয়। কারাগার ত শুধু তোমাকে মনে করিয়াই প্রথম নির্মিত হইয়া ছিল-সেই ত তোমার গৌরব। মুক্তিপথের অগ্রদূত পরাধীন দেশের হে রাজবিদ্রোহী তোমাকে শতকোটি নমস্কার।”

এই প্রবন্ধটি বাংলা ভাষায় প্রকাশের জন্য মানস নাগ এবং বুলবুল ভৌমিক - এই দুজনের সহযোগিতা অত্যন্ত প্রশংসনীয় এবং কৃতজ্ঞ চিত্তে স্মরণীয়।

NABC 2023 ATLANTIC CITY NEW JERSEY

NABC 2023 is the 43rd Bengali cum South Asian conference in North America, organized by KPC Bengali Hall of Fame in partnership with several local Bengali/Indian cultural organizations. The seminar will be held on June30th through July 2nd, 2023, at the Jim Whalen Boardwalk Hall in Atlantic City, NJ. This event is created to present a unique mix of cultural programs that highlight the identity and heritage of Bengal and will feature an opulently colorful potpourri of South Asian cultural programs over the three- day period. It will include music and various other performing and fine art presentations including dance recitals, theater, film screening, etc. Also featured are discussion seminars and forums to discuss **business,** literature, and social issues that will have lasting impacts in our lives in times to come. **The event will also feature the following:**

•Several thousand attendees from across the world,
•Extensive media coverage on various outlets including TV, Web, podcast, advertisement,etc.
•South Asian musical and dance recitals of all genres, movies, drama and related discussions,
•**Business seminar,** Literary and other seminars and topical workshops,
•Trade show showcasing a wide variety of products from the US, India, and Bangladesh,
More information is available on ***nabc2023.net***.

Business Seminar - An important part of NABC 2023 is the Business Seminar, which is designed to be a forum for discussion emerging issues, trends facing the business world including innovation, technology, changing faces of work, trend in geo-political and economic issues, leadership in the changing marketplace, etc. An estimated 100+ people are expected to attend the seminar.

Speakers and Discussion Leaders: several top business leaders from the US and India have been identified and contacted for potential participation in the seminar. Some of the guest participants from prior years include Indra Nooyi (former CEO of PepsiCo), Rajat Gupta (Former Global Managing Partner of McKinsey), Dr. Pallab Chatterjee (Chairman of 3 Lines Venture Capital and former CEO of I2 Technologies and former CTO of Texas Instruments), Sanat Chattopadhyay (EVP and President of Merck & Co.), Nandita Bakhshi (CEO of Bank of the West), Prith Banerjee (CTO of ANSYS, Inc.), etc.

Corporate Social Responsibility (CSR) - The role of speakers and corporate sponsors in the success of non-profit organizations and social NGOs like the organizer of NABC cannot be overemphasized. Support of such initiatives in the business world has come a long way to become an integral part of the CSR strategy of corporations. In fact, companies like **Accenture, Microsoft, Google, and Intel** are amongst the leaders in the bandwagon, and have been shaping our society through innovation, service, and a vision of integration of communities in the global arena. As a matter of fact, these companies have consistently ranked in the top echelons of best global corporate citizens as judged by CR magazine.

Business Seminar – NABC2023 – June 30 & July1

- Multi-segment event addressing current issues of business and economics
- Format panel discussion, interview and or issue focused presentation
- Focused on USA and India
- Will address the rise of India as an industrial economy - 5th largest in the world
- Several industry focused presentations including finance, technology and or general industrial
- Will address some of the pressing issues of the time including climate change and clean energy, AI and all other tech enabled innovation
- Guest speakers will include some of the top business leaders of the US and India Potential guests include Vice Chair of a eminent global consulting company, HBS professor and industry consultant, very successful entrepreneurs, Private Equity investors, and others.
- A separate session for entrepreneurship - selected entrepreneurs who have been very successful in the western business world and a potential presentation by Venture Capitalist and Private Equity Inventors on what they look for in potential investment.
- A separate event for business idea competition for budding Bengali entrepreneurs. Winners will be awarded cash prizes – ideas and business plans sourced from Kolkata